মুজিবনগরে যুবদল নেতার উদ্যোগে ঈদ উপহার বিতরণ

মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসানের পারিবারিক উদ্যোগে অসহায় মানুষের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার দুপুরে দারিয়াপুর ইউনিয়নের ৬০ জন অসহায় মানুষের মাঝে এসব ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়। ঈদকে সামনে রেখে সুবিধাবঞ্চিত মানুষ যাতে স্বাচ্ছন্দ্যে ঈদ উদযাপন করতে পারে, সে লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়।

আবুল হাসান জানান, তিনি প্রতি বছরই তার পরিবারের পক্ষ থেকে সামর্থ্য অনুযায়ী মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করেন। এবছরও তার ব্যতিক্রম হয়নি। তিনি বলেন, “আমার ইউনিয়নসহ মুজিবনগর উপজেলার প্রতিটি মানুষ যেন সুখে-স্বাচ্ছন্দ্যে ঈদ পালন করতে পারে, সেটাই আমার প্রত্যাশা।”

এবারের ঈদ উপহার প্যাকেজে ছিল পোলাও চাল, ময়দা, চিনি, সাবান, আলু, রসুন, পেঁয়াজ ও সেমাই।

এ সময় তিনি বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া-এর রুহের মাগফিরাত কামনায় সকলের কাছে দোয়া প্রার্থনা করেন।

এর আগে রমজান উপলক্ষে আবুল হাসানের পরিবারের পক্ষ থেকে ইউনিয়নের ৫০ জন অসহায় মানুষের মাঝে ইফতার সামগ্রীও বিতরণ করা হয়েছিল।

এপেক্স ক্লাব অব মেহেরপুরের উদ্যোগে ইফতার ও ঈদ সামগ্রী

বিতরণ

এপেক্স ক্লাব অব মেহেরপুরের উদ্যোগে গাংনীতে ইফতার ও ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার বিকেলে গাংনী সরকারি ডিগ্রি কলেজ রোডে জামান এন্টারপ্রাইজের সামনে ভ্যান ও রিকশা শ্রমিকদের মাঝে এসব ঈদ সামগ্রী বিতরণ করা হয়। এ সময় অসহায় ও শ্রমজীবী মানুষের মাঝে ইফতার সামগ্রীও প্রদান করা হয়।

ঈদ সামগ্রী বিতরণ শেষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে এপেক্স ক্লাব অব মেহেরপুরের সভাপতি জুলফিকার আলি ভুট্টোর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক নাফিউল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক আবু জাফর, এপেক্স ক্লাব জেলা-০৬ এর গভর্নর রফিকুল আলম বকুল, ক্লাবের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট নুরুজ্জামান, ভাইস প্রেসিডেন্ট এম এ বাশার, সার্জেন্ট অব আর্মস অনিক হাসানসহ ক্লাবের অন্যান্য সদস্যরা।

বক্তারা এপেক্স ক্লাবের সার্বিক কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ করেন এবং ক্লাবের কার্যক্রম আরও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি মেহেরপুর এপেক্স ক্লাবকে খুলনা বিভাগের মধ্যে শ্রেষ্ঠ ক্লাব হিসেবে প্রতিষ্ঠিত করতে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান।

মেহেরপুরের বারাদীতে বেশি দামে মাংস বিক্রির দায়ে জরিমানা আদায়

মেহেরপুরের বারাদী বাজারে নির্ধারিত দামের চেয়ে বেশি দামে মাংস বিক্রি করায় ভ্রাম্যমাণ আদালতের অভিযানে ২ হাজার টাকা জরিমানা

আদায় করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে জেলা প্রশাসনের উদ্যোগে পরিচালিত অভিযানে বারাদী বাজারের ‘মায়ের দোয়া’ মাংসের দোকানকে এ জরিমানা করা হয়।

জেলা সমন্বয় কমিটির মাসিক সভায় আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে গরুর মাংসের দাম প্রতি কেজি ৭০০ টাকা এবং খাসির মাংসের দাম ১,০০০ টাকা নির্ধারণ করা হয়। কিন্তু সেই সিদ্ধান্ত অমান্য করে গরুর মাংস ৮০০ টাকা কেজি দরে বিক্রি করা হচ্ছিল—এমন অভিযোগের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমানের নেতৃত্বে পরিচালিত অভিযানে ওই দোকান থেকে ২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

এ সময় তিনি বাজারের অন্যান্য ব্যবসায়ীদের নির্ধারিত মূল্যের বেশি দামে পণ্য বিক্রি না করার জন্য সতর্ক করেন।

প্রধানমন্ত্রীর ত্রাণভান্ডার থেকে ঈদ উপলক্ষে মেহেরপুরে শাড়ি বিতরণ

প্রধানমন্ত্রীর ত্রাণভান্ডার হতে পবিত্র ঈদুল ফিতর ২০২৬ উপলক্ষে মেহেরপুরে অসহায়, গরিব ও দুঃস্থ মানুষের মাঝে মানবিক সহায়তা হিসেবে শাড়ি বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে সদর উপজেলা পরিষদের হলরুমে এ কর্মসূচির আয়োজন করা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খাইরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য মোঃ তাজউদ্দিন খান।

এসময় জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইন, সদর উপজেলা আমীর সোহেল রানা, সদর উপজেলা সেক্রেটারি মাস্টার জাব্বারুল ইসলামসহ স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং উপকারভোগী সাধারণ মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ

মেহেরপুরে আল হিকমাহ ইসলামী পাঠাগারের উদ্যোগে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে শহরের ক্যাশবপাড়ায় অবস্থিত আল হিকমাহ ইসলামী পাঠাগারের কার্যালয়ে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। পাঠাগারের পরিচালক রওশন আরার সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পাঠাগারের উপদেষ্টা আব্দুল লতিফ, সাইনা আক্তার রুপা, মোঃ শামসুল ইসলামসহ অন্যান্যরা।

এসময় এলাকার শতাধিক দুস্থ পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

কর্তৃপক্ষ জানায়, অসহায় মানুষের পাশে দাঁড়াতে এ ধরনের কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

গাংনীতে মোটরসাইকেলের ধাক্কায়

অজ্ঞাত বৃদ্ধের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেলের ধাক্কায় এক অজ্ঞাত বৃদ্ধের মৃত্যু হয়েছে। বুধবার (১৮ মার্চ) সকাল সাড়ে ৬টার দিকে গাংনী- মেহেরপুর সড়কের পোড়াপাড়া বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী পোড়াপাড়া গ্রামের বাসিন্দা মোস্তাফিজুর রহমান জানান, অজ্ঞাত ওই বৃদ্ধ রাস্তা পার হওয়ার সময় গাড়াডোব এলাকা থেকে গাংনীমুখী দ্রুতগতির একটি মোটরসাইকেল তাকে ধাক্কা দেয়। এতে তিনি সড়কে পড়ে গুরুতর আহত হন।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে তাকে হাসপাতালে ভর্তি করেন। পরে চিকিৎসাধীন অবস্থায় সকাল ১১টার পর তার মৃত্যু হয়।

স্থানীয় ইউপি সদস্য ফিরোজ আহমেদ জানান, নিহত বৃদ্ধ প্রায় দেড় বছর ধরে পোড়াপাড়া বাজারের বিভিন্ন দোকানের সামনে অবস্থান করতেন। স্থানীয়দের দেওয়া খাবার খেয়েই তিনি জীবিকা নির্বাহ করতেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক ডা. এম কে রেজা ও ইশতিয়াক আহমেদ মাসুম জানান, গুরুতর আহত অবস্থায় চিকিৎসাধীন থাকা ওই বৃদ্ধ পরে মারা যান।

এ বিষয়ে গাংনী থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার বলেন, নিহতের পরিচয় শনাক্তের চেষ্টা চলছে। পাশাপাশি দুর্ঘটনায় জড়িত মোটরসাইকেল চালককে শনাক্ত করে আইনের আওতায় আনার চেষ্টা করা হচ্ছে।

মেহেরপুরে গুম, খুন ও

নির্যাতনের শিকার পরিবারের মাঝে আর্থিক সহায়তা বিতরণ

মেহেরপুরে গুম, খুন ও নির্যাতনের শিকার ব্যক্তিদের পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর আর্থিক সহায়তা বিতরণ করা হয়েছে। বুধবার দুপুরে জেলা বিএনপির কার্যালয়ে এ সহায়তা প্রদান করা হয়।

অনুষ্ঠানে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যদের হাতে আর্থিক সহায়তা তুলে দেন।

এসময় তিনি বলেন, অতীতে যারা রাজনৈতিক সহিংসতার শিকার হয়েছেন, তাদের পরিবারের পাশে দাঁড়ানো সরকারের দায়িত্ব। বর্তমান উদ্যোগের মাধ্যমে সেই দায়িত্ব পালনের একটি প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

সহায়তা পেয়ে ভুক্তভোগী পরিবারের সদস্যরা সন্তোষ প্রকাশ করেন। স্বামী হত্যার শিকার মোছা. ফুল খাতুন বলেন, “প্রায় ১০ বছর আগে রাজনৈতিক দ্বন্দ্বের কারণে আমার স্বামীকে হত্যা করা হয়। এই সহায়তা পেয়ে আমি খুশি।”

অপর ভুক্তভোগী মোছা. কানচোনা বলেন, “২০১০ সালে আমার স্বামীকে হত্যা করা হয়। ঈদের সময় এ সহায়তা পেয়ে প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জানাই।”

এসময় উপস্থিত ছিলেন বিএনপির সাবেক সহ-সভাপতি আনসারুল হক, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সাধারণ সম্পাদক এহান উদ্দিন মনা, জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননসহ ভুক্তভোগী পরিবারের সদস্যরা।

মেহেরপুরে আমরা’৮৫ এর ইফতার ও

দোয়া মাহফিল

মেহেরপুরের সামাজিক সংগঠন আমরা’৮৫ এর উদ্যোগে সংগঠনের প্রয়াত সদস্যদের স্মরণে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার শহরের হোটেলবাজারস্থ সংগঠনের কার্যালয়ে এ ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। সংগঠনের সভাপতি মমিনুল হক জুয়েলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রয়াত সদস্যদের স্মরণে স্মৃতিচারণ করেন সহ-সভাপতি মফিজুর ইসলাম, মাসুদ রেজা, কোষাধ্যক্ষ মাহবুবুল হক মন্টু, সাবেক সভাপতি তারিকুল ইসলাম খান, সদস্য শামিমুল ইসলাম রাজ্জাক, মফিজুর রহমান, সাহাবুল ইসলাম ও বকুলসহ অন্যান্য সদস্যরা।

বক্তারা প্রয়াত সদস্যদের কর্মময় জীবনের বিভিন্ন দিক তুলে ধরেন এবং তাদের অবদান কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন।

অনুষ্ঠানের শেষপর্যায়ে সংগঠনের নির্বাহী সদস্য আবু সাইদ নাঈম তুষার দোয়া পরিচালনা করেন। দোয়ায় প্রয়াত সদস্যদের রুহের মাগফিরাত কামনা করা হয়।

মেহেরপুরে অসহায়দের মাঝে ঈদের বাজার সামগ্রী বিতরণ

মেহেরপুরে হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উদ্যোগে “ঈদের খুশি প্রতিটি ঘরে” শীর্ষক মানবিক কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

কর্মসূচির আওতায় সংগঠনের স্বেচ্ছাসেবীরা মেহেরপুরের অতিদরিদ্র ও অসহায় পরিবারগুলো চিহ্নিত করে তাদের বাড়িতে গিয়ে ঈদের বাজার সামগ্রী বিতরণ করেন। এই আয়োজন সম্পন্ন করতে স্বেচ্ছাসেবীরা তহবিল সংগ্রহের মাধ্যমে উপহার সামগ্রী প্রস্তুত করেন। উপহার সামগ্রীর মধ্যে ছিল গরুর মাংস, পোলাও চাল, ডাল, সয়াবিন তেল, চিনি, মসলা, গুঁড়া দুধ ও আলু।

উদ্বোধনী অনুষ্ঠানে হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক সৈয়দ মাহফুজুর রহমান বলেন, “জনস্বার্থে আমাদের মানবিক কার্যক্রম অব্যাহত থাকবে। মানুষের দোয়া ও সমর্থনই আমাদের এগিয়ে যাওয়ার প্রেরণা।”

এ সময় উপস্থিত ছিলেন ফান্ডরাইজিং অ্যান্ড গ্রান্ট ম্যানেজমেন্ট বিভাগের আহমেদ হোসাইন, মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের বৃষ্টি মুন্সি, হিউম্যান রিসোর্স বিভাগের আনাস আহমেদ ও আলফিও বালা, হেড অব কো-অর্ডিনেটর মুবারক হোসাইন, পাবলিক রিলেশনস বিভাগের নাসিম আহমেদ, সুমাইয়া শিমু, শেখ সাকিবসহ আরও অনেকে।

সংগঠনটি দীর্ঘদিন ধরে সমাজের অবহেলিত ও অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে মানবিক কর্মকাণ্ড চালিয়ে আসছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালে এমপির ইসিজি মেশিন প্রদান

মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজউদ্দীন খানের উদ্যোগে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে দুটি অত্যাধুনিক ইসিজি মেশিন প্রদান করা হয়েছে।

দীর্ঘদিন ধরে হাসপাতালে ইসিজি মেশিনের স্বল্পতা থাকায় রোগীরা ভোগান্তির শিকার হচ্ছিলেন। বিষয়টি সংসদ সদস্যের নজরে আসার সাথে সাথেই তিনি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

সংসদ সদস্যের পক্ষ থেকে ইসিজি মেশিন দুটি হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেন জেলা জামায়াতের সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন, পৌর জামায়াতের আমির সোহেল রানা ডলার ও জামায়াতের জেলা ব্যবসায়ী বিভাগের সভাপতি সাইফুল ইসলাম।

এ উদ্যোগে হাসপাতালের রোগী ও স্বাস্থ্যকর্মীরা সন্তোষ প্রকাশ করেন এবং এটি রোগীদের স্বাস্থ্যসেবায় ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করা হয়।